

রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল
ডেমনস্ট্রেশন ইউনিট-১, আইইআর
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ভর্তি বিজ্ঞপ্তি-২০২৩
প্রথম শ্রেণি

তারিখ : ২৭/১১/২০২২

২০২৩ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলে প্রথম শ্রেণিতে নিম্নলিখিত সময়সূচি ও নিয়মানুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি ফরমের মূল্য ৫০০/- (পাঁচশত টাকা মাত্র অফেরতযোগ্য)। ভর্তি ফরম অনলাইন (<http://www.ru.ac.bd/ruschool/> সাইটে পাওয়া যাবে।

অনলাইন থেকে প্রাপ্ত ফরম A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করে তা যথাযথভাবে পূরণ করে ভর্তি ফরম ও প্রবেশপত্র ফরমের নির্দিষ্ট স্থানে ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাতে হবে। ফরমের নির্ধারিত মূল্য সোনালী ব্যাংক মতিহার শাখায় অধ্যক্ষ, রা.বি স্কুল, হিসাব নম্বর ৪৬১৩৩৪০০১২৬১ অথবা সোনালী ব্যাংক, রা.বি. ক্যাম্পাস শাখায় স্টুডেন্ট কালেকশন হিসাব নম্বর ৪৬২৭৬০১০০০৪৫০ জমা দিতে হবে। ভর্তি ফরমের সাথে ব্যাংক জমা রশিদের মূল কপি এবং জন্ম সনদপত্রের (অনলাইন জন্ম সনদ ১৭ ডিজিট) সত্যায়িত ফটোকপি, পিতা ও মাতার NID এর ফটোকপি, অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র (প্রত্যয়নপত্র ফরম ভর্তি ফরমের সাথে পাওয়া যাবে) জমা দিতে হবে।

ভর্তির ক্ষেত্রে স্কুলের নিয়মানুযায়ী অভ্যন্তরীণ (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষক / কর্মকর্তা / সহায়ক / সাধারণ কর্মচারী ও ডাইনিং কর্মচারী) প্রতিপাল্যের কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের প্রতিপাল্য বলতে কেবল তাদের পুত্র-কন্যাকে বোঝাবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী নয় তাদের প্রতিপাল্য বহিরাগত হিসেবে বিবেচ্য হবে।

১ম শ্রেণিতে আসন সংখ্যা ১২০ টি (অভ্যন্তরীণ ১০৫+ বহিরাগত ১৫)। অভ্যন্তরীণ ও বহিরাগত পৃথক পৃথক লটারী অনুষ্ঠিত হবে। ভর্তিযোগ্য প্রার্থীদের বয়স ৩১-১২-২০২২ তারিখে ৬(ছয়) বছর থেকে ৭(সাত) বছর ৬(ছয়) মাসের মধ্যে হতে হবে। কোন অভিভাবক কোন প্রকার ভুল তথ্য প্রদান করলে প্রার্থীর ভর্তির মনোনয়ন বাতিল করা হবে। লটারীর মাধ্যমে বাছাইকৃত শিক্ষার্থীদের অভ্যন্তরীণ ১০৫ জন এবং বহিরাগত ১৫ জন ভর্তি করা হবে। প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা ও শিক্ষা প্রতিষ্ঠান (স্কুলে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তান) কোটা পূরণে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।

ভর্তিচ্ছু শিক্ষার্থীর অবশ্যই কলমে লেখার যোগ্যতা থাকতে হবে। ভর্তি বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের ভর্তির নির্ধারিত ফি সোনালী ব্যাংক মতিহার শাখায় অধ্যক্ষ, রা.বি স্কুল, হিসাব নম্বর ৪৬১৩৩৪০০১২৬১ অথবা সোনালী ব্যাংক, রা.বি. ক্যাম্পাস শাখায় স্টুডেন্ট কালেকশন হিসাব নম্বর ৪৬২৭৬০১০০০৪৫০ জমা দিয়ে জমা রশিদের মূলকপি ভর্তি কাজে দায়িত্ব প্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর নিকট জমা দিতে হবে।

আসন সংখ্যা : অভ্যন্তরীণ ১০৫ + বহিরাগত ১৫ = ১২০ টি।

ভর্তি কার্যক্রম-২০২৩ :

- ভর্তি ফরম অনলাইনে প্রকাশ : ২৮/১১/২০২২
- ভর্তি ফরম জমার তারিখ : ২৯/১১/২০২২-১২/১২/২০২২ পর্যন্ত সময় : ৯:৩০-২:০০ টা পর্যন্ত
- লটারী অনুষ্ঠান : ১৯/১২/২০২২ তারিখ, সোমবার বেলা ১১:৩০ টা
- লটারীর স্থান : রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল প্রাঙ্গণ।
- মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ : ১৯/১২/২০২২ তারিখ, রবিবার বিকেল ৫:০০ টা
- ভর্তির তারিখ : ২০/১২/২০২২-২২/১২/২০২২ পর্যন্ত।

স্বাক্ষরিত
মোঃ শফিউল আলম
অধ্যক্ষ
রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল
রাজশাহী বিশ্ববিদ্যালয়

বি.দ্র. ১) ভর্তি ফরমের সাথে অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে তার অভিভাবকের বেতন স্কেল, গ্রোড ও পদমর্যাদা উল্লেখ করে বিভাগীয় প্রধান/অফিস প্রধানের কাছ থেকে প্রত্যয়নপত্র জমা দিতে হবে।